



নথি নম্বর- ৮০.০০.০০০০.১০২.১১.০২৭.২৩- ৪৭৪

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩
১ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ‘সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)’ (৯ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, কেন্দ্র, সময়সূচি ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ‘সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)’ (৯ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী ১৬৫ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:


পদের নাম, গ্রেড, দপ্তর, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর সংখ্যা
১	২	৩	৪	৫
‘সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)’ (৯ম গ্রেড) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০২.২০২৬ ক্রমিক নম্বর-৫৪	১৩ অক্টোবর ২০২৬ মঙ্গলবার বেলা-১১.০০ মিনিট হতে বিকাল-৩.০০ মিনিট পর্যন্ত	মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭	০০০০০১-৮০০০৭৬	১৬৫ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি:

- উল্লিখিত পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ‘সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)’ (৯ম গ্রেড) পদে প্রার্থীদেরকে ২০০ নম্বরের {বাংলা-৪০, ইংরেজী-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল (ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান)-৮০} ৪ ঘণ্টাব্যাপী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সায়েন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
- প্রার্থীদেরকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি পৃথক পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয় কোড অবশ্যই লিখতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় ও ৩য় অংশে কোন কিছু লিখবেন না। লিখলে উত্তরপত্র বাতিল হবে।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে প্রার্থিতা বাতিল হবে। পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (বাম দিকের শূন্যসহ) কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

ক্রমশ/০২

০৭. হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি এবং স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৮. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ৩০.০৯.২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য পরিচালক, ইউনিট-১৯, বরাবর (২ কপি রঙিন ছবিসহ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতি পত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
০৯. কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের নির্ধারিত আসন ছাড়া কোনো পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা হবে না।
১০. ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে
১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১২. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।
 - পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
 - চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



মোঃ মাহফিজুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

(চলতি দায়িত্ব)

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়